ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১০২৭
আগরতলা,২৯ আগস্ট,২০২৪

## জাতীয় ক্রীড়া দিবস
## আগরতলায় রাজ্যভিত্তিক অনুষ্ঠানে ক্রীড়াবিদদের সংবর্ধনা

হকির জাদুকর ধ্যানচাঁদের জন্মদিন উপলক্ষে আজ নেতাজি সুভাষ আঞ্চলিক ক্রীড়া প্রশিক্ষণ কেন্দ্রে (এনএসআরসিসি) জাতীয় ক্রীড়া দিবস উদযাপন উপলক্ষে রাজ্যভিত্তিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী। অনুষ্ঠানের উদ্বোধন করে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী বলেন, কেন্দ্রীয় সরকার প্রখ্যাত হকি খেলোয়াড় ধ্যানচাঁদের জন্মদিনকে স্মরণীয় করে রাখার জন্য ২০১৯ সাল থেকে এই দিনটিকে জাতীয় ক্রীড়া দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত গ্রহণ করে। রাজ্যেও আজ বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে জাতীয় ক্রীড়া দিবস উদযাপন করা হচ্ছে। এজন্য দু'দিনব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে সচিব বলেন, রাজ্যে খেলাধুলার বিকাশে ক্রীড়া পরিকাঠামোর উন্নয়নে সরকার অগ্রাধিকার দিয়েছে। ক্রীড়া প্রতিভার বিকাশে খেলো ইন্ডিয়া স্কিম, মুখ্যমন্ত্রী স্পোর্টস ডেভেলপমেন্ট স্কিম এবং মুখ্যমন্ত্রী ট্যালেন্ট সার্চ স্কিম রূপায়ণ করা হচ্ছে। রাজ্যে গ্রামস্তর থেকে প্রতিভাবান খেলোয়াড়দের তুলে আনারও উদ্যোগ নেওয়া হয়েছে। রাজ্যে কৃতী খেলোয়াড় তুলে আনতে পারলেই আমরা ধ্যানচাঁদের প্রতি প্রকৃত শ্রদ্ধাজ্ঞাপন করতে পারবো।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের যুগ্ম অধিকর্তা পাইমং মগ। উপস্থিত ছিলেন ত্রিপুরা ক্রীড়া পর্ষদের যুগ্ম সচিব স্বপন সাহা, অর্জুন পুরস্কারপ্রাপ্ত খেলোয়াড় মন্টু দেবনাথ, ত্রিপুরা অলিম্পিক অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান রতন সাহা প্রমুখ। অনুষ্ঠান শুরুর আগে অতিথিগণ প্রখ্যাত হকি খেলোয়াড় ধ্যানচাঁদের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। উদ্বোধনী অনুষ্ঠানের পর ২০২৩ ও ২০২৪ সালে বিভিন্ন খেলাধুলায় পদকজয়ী ৮ জন খেলোয়াড়কে ও ৪ জন কোচকে আর্থিক পুরস্কার দেওয়া হয়। এদের মধ্যে অলিম্পিয়ান জিমন্যাস্ট পদ্মশ্রী দীপা কর্মকারকে ৩ লক্ষ টাকা, দাবা খেলোয়াড় অর্শিয়া দাসকে ২ লক্ষ টাকা, দাবা খেলোয়াড় আরাধ্যা দাসকে ২ লক্ষ টাকা, প্যারাসুইমার বিনিত রায়কে ১ লক্ষ টাকা, প্যারাসুইমার সমীর বর্মণকে ৫০ হাজার টাকা, ফুটবলার মেরিন জমাতিয়াকে ৫০ হাজার টাকা, ফুটবলার শ্রেয়া দেবকে ৫০ হাজার টাকা ও সাইক্লিস্ট বাপী দেবনাথকে ৫০ হাজার টাকা আর্থিক পুরস্কার হিসেবে দেওয়া হয়েছে। তাছাড়া জিমন্যাস্টিক্সের কোচ বিশ্বেশ্বর নন্দী, সাঁতারের কোচ দীপক দাস, অ্যাথলেটিক্সের কোচ নিখিল সাহা ও জুডোর কোচ মানিকলাল দেবকে ১০ হাজার টাকার চেক, শাল, ট্রফি, পুষ্পস্তবক দিয়ে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানে সাম্প্রতিক বন্যায় নিহতদের স্মৃতির উদ্দেশ্যে ১ মিনিট নীরবতা পালন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যব্রত নাথ।

*****